তারিখ 05 OCT 1994
পৃষ্ঠা ৭ কলাম ৬

দৈনিক বাংলা

07

# দেশের ২০ পলিটেকনিকে এক মাস ক্লাস হচ্ছে না

স্টাফ রিপোর্টার : দেশের ২০টি পলিটেকনিক ইনস্টিটিউটে গত এক মাস ক্লাস হচ্ছে না। পলিটেকনিক শিক্ষক ধর্মঘটের জন্য এই অবস্থার সৃষ্টি হয়েছে। শিক্ষকগণ তাদের ৯ দফা দাবির সমর্থনে গত ৩ সেপ্টেম্বর থেকে ধর্মঘটে রয়েছেন।

পলিটেকনিক শিক্ষক সমিতির সভাপতি খন্দকার শাহাবউদ্দীন মাহমুদ ও সাধারণ সম্পাদক মোঃ শামসুর রহমান সোমবার এক যুক্ত বিবৃতিতে বলেছেন, পলিটেকনিক শিক্ষকদের দাবি চূড়ান্ত অর্থে দেশ ও জাতির সার্বিক উন্নয়নের স্বার্থেই করা হয়েছে। কিন্তু ৩১ দিন যাবৎ ধর্মঘট চললেও শিক্ষা মন্ত্রণালয়সহ কারো এ ব্যাপারে মাথাব্যথা নেই।

এ প্রসঙ্গে তারা তাদের ৯টি দাবির অন্যতম ২০টি পলিটেকনিক ইনস্টিটিউটে অতিরিক্ত শিফট চালুর কথা উল্লেখ করেন। তারা বলেন, দেশের ২০টি পলিটেকনিক ইনস্টিটিউটে রেগুলার শিফটের এক-পঞ্চমাংশ অর্থব্যয়ে আরেকটি শিফট চালুর মাধ্যমে প্রায় ৫ হাজার ছাত্রকে শিক্ষা প্রদান সম্ভব- যার মাধ্যমে বিপুল সংখ্যক ছাত্রের ভর্তি সমস্যার সমাধানও সম্ভব।

এদিকে পলিটেকনিক শিক্ষকগণ তাদের ৯ দফা দাবির প্রতি আনুষ্ঠানিক সমর্থন ও একাত্মতা প্রকাশ এবং দেশের ৬৫ হাজার ডিপ্লোমা প্রকৌশলীকে আন্দোলনের সঙ্গে সম্পৃক্ত করানোর উদ্যোগ নিয়েছে।

এলক্ষ্যে আজ (মঙ্গলবার) বিকাল ৪টায় ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউট অডিটরিয়ামে দেশের ডিপ্লোমা ইঞ্জিনীয়ারদের ৫৭টি সার্ভিস এসোসিয়েশন ইনস্টিটিউট অব ডিপ্লোমা ইঞ্জিনীয়ার্সের কেন্দ্রীয় ও ঢাকা জেলা কমিটির নেতৃবৃন্দের এক সমাবেশ আয়োজন করা হয়েছে।